

# শ্রোতার আসর গানের ঝর্ণাগুলোয়

রবীন্দ্রনাথ ঠাকুর রচনা করেছিলেন ‘আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি’ গানটি। সেই থেকে বাংলা গানের বিকাশের যে শুরু তার ধারাবাহিক ঐতিহ্য ১০০ বছর পরও থেমে নেই। পঞ্চকবির গান, আঙ্গুরবালা, কমলা বারিয়া, ইন্দুবালা, নিধুবাবুর টপ্পা, শাহানা দেবী, পঙ্কজ মল্লিক, আব্বাসউদ্দিন, কমল দাশগুপ্ত, হাসন রাজা, লালন শাহ, মমতাজ উদ্দিন, আবদুল আহাদ, আবদুল লতিফ, শচিন্দেব বর্মণ, গৌরীপ্রসন্ন মজুমদার, পুলক বন্দ্যোপাধ্যায়, সত্য সাহা, আজাদ রহমান, খন্দকার নুরুল আলম, শেখ লুৎফর রহমান, সলিল চৌধুরী, আবু হেনা মোস্তফা কামাল, সমর দাস, অজিত রায় - পরবর্তীতে আবদুল জব্বার, সৈয়দ আবদুল হাদী, সাবিনা ইয়াসমিন, রুনা লায়লা, ফরিদা পারভীন, রফিকুল আলম, সুবীর নন্দী, সেই সাথে বাংলা গান বাঙালি শ্রোতার হৃদয়ে এক মহান স্থান করে নিয়েছে। ১৯৫০-৬০ দশকের এপার-ওপার বাংলার আরও অনেক গীতিকবি, সুরকার আর শিল্পীদের গীত অবিস্মরণীয় আর স্মৃতিজাগানিয়া হারানো গানগুলি তুলে ধরার প্রয়াসেই প্রতীতি শ্রোতার আসরের আয়োজন করে আসছে।

এরই ধারাবাহিকতায় প্রতীতির আগামী আয়োজন ত্রৈমাসিক শ্রোতার আসর। এ আসরে বৈচিত্রময় বাংলা গানের বিভিন্ন দিক তুলে ধরা হবে। অনুষ্ঠানের শিল্পীরা হলেনঃ এ, কে,এম, ফারুক, তাহমিনা নাহিন খান পিউ ও রুমানা ফেরদৌস লনি।

আপনাদের সহৃদয় উপস্থিতি আমাদের এ প্রয়াসকে সমৃদ্ধ করবে, প্রবাসে বাংলা সংস্কৃতি চর্চার আঙ্গিনা প্রসারিত করতে সাহায্য করবে।

আগামী ৯ই সেপ্টেম্বর ২০১৭, শনিবার

সন্ধ্যা ৬:৩০ টা

**Lakemba Senior Citizens Centre**  
**Corner of The Boulevard & Croydon Street, Lakemba NSW 2195**



প্রতীতি